"শেখ হাসিনার উদ্যোগ,
ঘরে ঘরে বিদ্যুৎ"

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

Bangladesh Power Development Board

কর্মচারী পরিদপ্তর
ওয়াপদা ভবন,মতিঝিল, ঢাকা
ফোন ঃ ৯৫৫৩১০১

স্মারক নং-২৭.১১.০০০০.২১০.৮৩.০০১.১৮-১০ তারিখ ঃ ০৯-০১-২০২০ইং

দপ্তরাদেশ

নিম্নবর্ণিত প্রার্থী'কে বিধি মোতাবেক প্রচলিত অন্যান্য ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ৯ম গ্রেডে টাঃ ২২,০০০-৫৩,০৬০/- বেতন স্কেলে এই আদেশে বর্ণিত শর্তে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে সরাসরি নিয়োগের কোটায় হিসাব/অর্থ/অডিট/বাণিজ্যিক পরিচালন ক্যাডারের সহকারী পরিচালক পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদানপূর্বক তাঁহার নামের পার্শ্বে উল্লিখিত দপ্তরে পদস্থ করা হইলঃ-

ক্রঃ নং	নাম, পিতার নাম ও বর্তমান ঠিকানা	নাম, পিতার নাম ও স্থায়ী ঠিকানা	পদস্থিত দপ্তর
১	২	৩	৪
১.	জনাব মোঃ শামীম হাওলাদার (MD.SHAMIM HOWLADER) পিতাঃ মৃত আঃ সাত্তার হাওলাদার গ্রাম-ধামুরা, ডাকঘর-ধামুরা পোস্ট কোড-৮২২১, থানা- উজিরপুর জেলা- বরিশাল	জনাব মোঃ শামীম হাওলাদার (MD.SHAMIM HOWLADER) পিতাঃ মৃত আঃ সাত্তার হাওলাদার গ্রাম-ধামুরা, ডাকঘর-ধামুরা পোস্ট কোড-৮২২১, থানা- উজিরপুর জেলা- বরিশাল	আঞ্চলিক হিসাব দপ্তর রংপুর ২০ মেঃওঃ জিটি বিদ্যুৎ কেন্দ্র বিউবো, রংপুর

নিয়োগের শর্তাবলী ঃ

১। জাতীয় বেতন স্কেল'২০১৫ [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] আদেশের অনুচ্ছেদ ১১ এর বিধান মোতাবেক তাঁহার বেতন ও ভাতাদি প্রদেয় হইবে।

২। তিনি ২(দুই) বৎসর প্রবেশনার কর্মকর্তা হিসাবে থাকিবেন। প্রবেশনার কর্মকর্তা থাকাকালীন সন্তোষজনক চাকুরী, নির্ধারিত বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ এবং পুলিশ কর্তৃক চরিত্র ও প্রাক পরিচয় এর সন্তোষজনক রিপোর্টের ভিত্তিতে তাঁহাকে হিসাব/অর্থ/অডিট/বাণিজ্যিক পরিচালনের ক্যাডারের সহকারী পরিচালকের নিয়মিত শূন্য পদে পরবর্তীতে বোর্ডের চাকুরীতে স্থায়ী(কনফার্ম) করা হইবে। প্রবেশন শেষে কোন আদেশ জারী না হইলে প্রবেশন কাল বর্ধিত করা হইয়াছে বলিয়া গণ্য হইবে। তাঁহার চাকুরী স্থায়ী না হওয়া পর্যন্ত কোন বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন না।

৩। তাঁহার পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট, প্রকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান সম্পর্কিত তথ্যে (প্রযোজ্য ক্ষেত্রে) এবং সার্টিফিকেটের তথ্যে অমিল/ভুল/অসত্য পরিলক্ষিত হইলে তাৎক্ষণিকভাবে তাঁহার নিয়োগ আদেশ বাতিল করা হইবে [পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম ও জীবন বৃত্তান্ত ফরম বিউবো'র ওয়েব সাইটে **(www.bpdb.gov.bd)** পাওয়া যাইবে]।

৪। প্রবেশনার হিসাবে কর্মরত থাকাকালীন তাঁহার কর্মদক্ষতা নির্ধারিত মানের নিম্ন বলিয়া বিবেচিত হইলে কিংবা তিনি অফিস শৃংখলার পরিপন্থী কোন কাজে লিপ্ত হইলে বা তাঁহার সন্তোষজনক পুলিশী প্রতিবেদন না পাওয়া গেলে কোন পূর্ব নোটিশ ব্যতিরেকেই তাঁহাকে চাকুরী হইতে অপসারণ করা হইবে।

৫। তাঁহাকে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের যে কোন স্থানে বদলী করা যাইবে এবং তিনি বোর্ডের যে কোন দপ্তরে কাজ করিতে বাধ্য থাকিবেন।

৬। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (কর্মচারী) চাকুরী বিধিমালা ১৯৮২ কিংবা তৎপরবর্তী সংশোধনী অনুযায়ী তাঁহার চাকুরী নিয়ন্ত্রিত হইবে।

৭। নিয়োগের তারিখে প্রার্থীর বয়স ৩০ (ত্রিশ) বৎসর অতিক্রম করিলে উক্ত প্রার্থীর অতিরিক্ত বয়স প্রমার্জিত বলিয়া গণ্য হইবে।

৮। আগামী ৩০/০১/২০২০ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে তাঁহাকে পদস্থিত দপ্তরে যোগদান করিতে হইবে। নির্দিষ্ট সময়সীমার মধ্যে কাজে যোগদানে ব্যর্থ হইলে তাঁহার নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে।

৯। নিয়োগকৃত সহকারী পরিচালক এর বুনিয়াদী প্রশিক্ষণ (Induction Training) এর বিষয়ে পরবর্তীতে পরিচালক, প্রশিক্ষণ ও পেশা উন্নয়ন পরিদপ্তর, বিউবো, ঢাকা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

চলমান-২

১০। সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তা এই আদেশে বর্ণিত প্রার্থীর যোগদানপত্র গ্রহণকরতঃ যোগদানপত্রের সহিত প্রার্থী কর্তৃক দাখিলকৃত পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম, জীবন বৃত্তান্ত ফরমসহ আনুষাঙ্গিক কাগজপত্র ২৭/০২/২০২০ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে পরবর্তী কার্যক্রমের জন্য আবশ্যিকভাবে কর্মচারী পরিদপ্তর, বিউবো, ঢাকা বরাবর প্রেরণ করিবেন।

১১। পদস্থিত দপ্তরে যোগদানের জন্য তাঁহাকে কোন প্রকার দৈনিক/ভ্রমণ ভাতা দেওয়া হইবে না।

১২। নিম্নলিখিত কাগজপত্রাদি যোগদান পত্রের সহিত দাখিল করিতে হইবে; অন্যথায় তাঁহার যোগদান পত্র গ্রহণযোগ্য হইবে না ঃ-

(ক) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চীফ মেডিক্যাল অফিসার/সিনিয়র মেডিক্যাল অফিসার/মেডিক্যাল অফিসার অথবা বোর্ড কর্তৃক অনুমোদিত কোন সরকারী মেডিক্যাল অফিসার কর্তৃক স্বাস্থ্যগত ও ডোপটেস্ট সনদপত্র;

(খ) বোর্ডের নির্ধারিত ছকে জীবন বৃত্তান্ত;

(গ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও মুক্তিযোদ্ধার সনদপত্রসমূহের(প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত অনুলিপি;

(ঘ) পুলিশি তদন্তের জন্য নির্ধারিত পুলিশ প্রত্যয়ন বিবরনী ফরম যথাযথভাবে পূরণ করিয়া উহার সহিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসাপত্র ও প্রার্থী যে এলাকার স্থায়ী বাসিন্দা সেই সম্পর্কে নিজ এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের প্রত্যয়নপত্রের সত্যায়িত অনুলিপি ;

(ঙ) বর্তমানে কোন দপ্তর বা সংস্থায় কর্মরত থাকিলে সেই দপ্তর বা সংস্থা হইতে অব্যাহতি পত্র;

(চ) উল্লিখিত শর্তে চাকুরী করিতে সম্মত থাকিলে অঙ্গীকারনামার (এই নিয়োগ পত্রের ১কপি) যথাস্থানে স্বাক্ষর করিয়া যোগদান পত্রের সহিত দাখিল করিতে হইবে।

উপর্যুক্ত শর্তে সম্মত হইয়া আমি .... পিতাঃ... বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে অস্থায়ী ভিত্তিতে হিসাব/অর্থ/অডিট/বাণিজ্যিক পরিচালন ক্যাডারের সহকারী পরিচালক পদে অদ্য..........................খ্রিষ্টাব্দ তারিখে যোগদান করিলাম।

বোর্ডের আদেশক্রমে,

০৭.০১.২০২০

(মোহাম্মদ মনোয়ার হোসেন)
পরিচিতি নং-২-০১২৫
উপ-পরিচালক-২(কর্ম)
বিউবো, ঢাকা

স্মারক নং-২৭.১১.০০০০.২১০.৮৩.০০১.১৮-১০ তারিখ ঃ ০৯-০১-২০২০ইং

সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ-

০১। প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক, বাণিজ্যিক পরিচালন/প্রশিক্ষণ/প্রকল্প পরিচালক(প্রধান প্রকৌশলী)/প্রকল্প সমন্বয়কারী(প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক(অতিঃ প্রধান প্রকৌশলী), বিউবো, ...

০২। নিয়ন্ত্রক, হিসাব ও অর্থ, বিউবো, ঢাকা।

০৩। সি এস ও টু চেয়ারম্যান, বিউবো, ঢাকা।

০৪। প্রধান চিকিৎসা কর্মকর্তা, বিউবো, ঢাকা।

০৫। সচিব, বিউবো, ঢাকা।

০৬। ব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক(তত্ত্বাঃ প্রকৌঃ), ..., বিউবো, ...

০৭। পরিচালক, হিসাব/অর্থ/অডিট/বাণিজ্যিক পরিচালন/সংগঠন ও পদ্ধতি/শ্রম ও কল্যাণ/সম্পত্তি ও যানবাহন/তদন্ত ও শৃংখলা/ জন-সংযোগ /নিরাপত্তা ও অনুসন্ধান/প্রশিক্ষণ ও পেশা উন্নয়ন পরিদপ্তর, বিউবো, ঢাকা।

০৮। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ঢাকা কম্পিউটার সেন্টার, বিউবো,ঢাকা(**এই নিয়োগাদেশটি বিউবো'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হইল**)।

০৯। অতিরিক্ত পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বিউবো, ঢাকা।

১০। উপ-সচিব, প্রশাসন/অর্থ/পিএন্ডডি/উৎপাদন/বিতরণ/কোম্পানী এ্যাফেয়ার্স/বোর্ড, বিউবো, ঢাকা।

১১। নির্বাহী প্রকৌশলী,......................................, বিউবো, ...

১২। উপ-পরিচালক-১/৩/৪, কর্মচারী পরিদপ্তর/ট্রাষ্টি বোর্ড, বিউবো, ঢাকা।

১৩। উপ-পরিচালক (হিসাব), আঞ্চলিক হিসাব দপ্তর, বিউবো,..

১৪। সহকারী পরিচালক-৯/১২, কর্মচারী পরিদপ্তর, বিউবো, ঢাকা।

১৫। জনাব ....

০৯.০১.২০২০

(মোসাঃ আয়েশা খাতুন)
পরিচিতি নং-০২-০২৫৪
সিনিঃ সহকারী পরিচালক-১১(কর্ম)
বিউবো, ঢাকা